

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২১.২৯.০০১.১৫-৫৯৪

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৩
৩০ নভেম্বর ২০১৬

বিষয়ঃ ই-জিপি ব্যবহারকারী হিসেবে কর্মকর্তাগণের প্রশিক্ষণে অংশগ্রহণের লক্ষ্যে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় এর ২০ নভেম্বর, ২০১৬ তারিখের ৭৪ সখ্যক ডিও পত্র।
(২) কৃষি মন্ত্রণালয়ের পত্র নং ১২.০০.০০০০.০২১.২৯.০০১.১৫-৫৯৪, তারিখ-৩ নভেম্বর, ২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ডি.ও পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক ২০১৬ সালের ডিসেম্বরের মধ্যে দেশের সকল সরকারি ক্রয় ই-জিপির আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হলেও কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বেশ কিছু দপ্তর/সংস্থা অদ্যাবধি ইহার ক্রয় ই-জিপিতে প্রক্রিয়াকরণ সম্পন্ন করেনি। উল্লেখ্য, ইতঃপূর্বে সূত্রোক্ত ২নং স্মারকের মাধ্যমে যে সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা ই-জিপি ব্যবহারকারী হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করেননি, সে সকল দপ্তর/সংস্থার ০৫ (পাঁচ) জন কর্মকর্তাকে প্রশিক্ষণের জন্য তাঁদের মনোনয়ন সিপিটিইউ-তে প্রেরণপূর্বক কর্মকর্তাদের যথাসময়ে প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। এক্ষণে, সূত্রোক্ত ডিও পত্রের মাধ্যমে এ বিষয়ে পুনরায় তাগাদা প্রদান করা হয়েছে।

০২। সে পরিপ্রেক্ষিতে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন যে সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা ই-জিপি ব্যবহারকারী হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করেননি সে সকল দপ্তর/সংস্থার ০৫ (পাঁচ) জন কর্মকর্তাকে প্রশিক্ষণের জন্য তাঁদের মনোনয়ন জরুরীভিত্তিতে সিপিটিইউ-তে প্রেরণপূর্বক কর্মকর্তাদের যথাসময়ে প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

(মোঃ আসাদুজ্জামান)

উপসচিব

☎ঃ ৯৫৪০৮৮৫

e-mail-dsadmin32014@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৫. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, জয়দেবপুর, গাজীপুর।

চলমান পাতা/০২

১১. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), শেরে বাংলা নগর, ঢাকা।
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১৩. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৪. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৫. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, খামারবাড়ি, সড়ক, ঢাকা।
১৬. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর।

সদয় জ্ঞার্থার্থে ও কার্যার্থে অনুলিপি :

- ১। মহাপরিচালক, প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। উপসচিব (প্রশাসন-৫), কৃষি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ত্রয় ই-জিপিতে প্রক্রিয়াকরণ সম্পন্ন করণার্থে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

